




বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের
২০২০-২০২১ অর্থবছরের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ৫৫/২০২২



বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের
২০২০-২০২১ অর্থবছরের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ৫৫/২০২২

সূচিপত্র

ক্রমিক নম্বর	বিবরণ	পৃষ্ঠা নম্বর
প্রথম অংশ		
১	মুখবন্ধ	vii
অধ্যায়-১		
২	অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী	১-৩
৩	নির্বাহী সারসংক্ষেপ	৫
৪	শব্দ সংক্ষেপ	৭
অধ্যায়-২		
৫	অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ	১১
৬	অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ	১৫-২৪
দ্বিতীয় অংশ		
৭	পরিশিষ্টসমূহ	২৯-৩৭

সূচিপত্র

ক্রমিক নম্বর	বিবরণ	পৃষ্ঠা নম্বর
প্রথম অংশ		
১	মুখবন্ধ	vii
অধ্যায়-১		
২	অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী	১-৩
৩	নির্বাহী সারসংক্ষেপ	৫
৪	শব্দ সংক্ষেপ	৭
অধ্যায়-২		
৫	অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ	১১
৬	অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ	১৫-২৪
দ্বিতীয় অংশ		
৭	পরিশিষ্টসমূহ	২৯-৩৭

১৫৬

প্রথম অংশ

মুখবন্ধ

- ১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব অডিট করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।
- ২। স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত (১) Maternal, Neonatal & Child Health (MNCH) and Health System Improvement Project (Component-1) এবং (২) Covid-19 Emergency Response and Pandemic Preparedness Project এর ২০২০-২০২১ অর্থবছরের আর্থিক কার্যক্রমের ওপর বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর অনিয়মসমূহের সাথে সংশ্লিষ্ট জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রিপোর্টের মূল উদ্দেশ্য।
- ৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ০৫ (পাঁচ) টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত প্রতিষ্ঠান প্রধানসহ স্বাস্থ্য সেবা বিভাগের প্রধান হিসাবদানকারী কর্মকর্তা বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।
- ৪। এই অডিট সম্পাদন ও এই রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারিকৃত Government Auditing Standards of Bangladesh (GASB) এবং Compliance Audit Guidelines অনুসরণ করা হয়েছে।
- ৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

বঙ্গাব্দ।
তারিখ- ৩/৭/২০২১ খ্রিস্টাব্দ।


(মোহাম্মদ মুসলিম চৌধুরী)

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল।

ଅଧ୍ୟାୟ-୧

অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

রিপোর্ট সম্পর্কিত তথ্য: এই রিপোর্ট স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত (১) Maternal, Neonatal & Child Health (MNCH) and Health System Improvement (Component-1) এবং (২) Covid-19 Emergency Response and Pandemic Preparedness শীর্ষক প্রকল্পের ২০২০-২০২১ অর্থবছরের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। Audit Materiality বিবেচনা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লেনদেন যাচাই করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি, ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকির ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

অডিট প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:

১. প্রকল্পের নাম : (i) Maternal, Neonatal & Child Health (MNCH) and Health System Improvement Project (Component-1).
(ii) Covid-19 Emergency Response and Pandemic Preparedness Project.
২. উন্নয়ন সহযোগী ও ক্রেডিট নং : (i) JICA, BD-P83
(ii) IDA Grant No. 6605-BD
৩. বাস্তবায়নকারী সংস্থা : (i) ফিজিক্যাল ফেসিলিটি ডেভেলপমেন্ট- এইচইডি পার্ট ও পিডব্লিউডি পার্ট।
(ii) স্বাস্থ্য অধিদপ্তর।
৪. বাস্তবায়নকারী মন্ত্রণালয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. প্রকল্পের মেয়াদ : (i) ৩১-১২-২০১৫ খ্রি. হতে ৩১-১২-২০২৫ খ্রি.।
(ii) ০১-০৪-২০২০ খ্রি. হতে ৩০-০৬-২০২৩ খ্রি.।
৬. অর্থবছর : ২০২০-২০২১
৮. পিডি অফিসের ঠিকানা : (i) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বিল্ডিং# ৯ (ক্লিনিক ভবন), ৫ম তলা, রুম# ৫২৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ii) কোভিড-১৯ ইমারজেন্সি রেসপন্স এন্ড পেনডেমিক প্রিপ্র্যার্ডনেস প্রজেক্ট, বাসা# ২৮, রোড# ১৯/সি, ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২১২।
৯. সর্বমোট ব্যয় : (i) মোট: ২৫৭৩৯.০৩ লক্ষ টাকা
(ii) মোট: ৬৭৮৬৫৮.৮১ লক্ষ টাকা
জিওবি: ১৭২৪৫.৫০ লক্ষ টাকা
পিএ: ৬৬১৪১৩.৩১ লক্ষ টাকা
১০. অডিটের প্রকৃতি : কমপ্লায়েন্স অডিট।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণ:

লক্ষ টাকায়

ক্রমিক নং	প্রকল্পের নাম	বাজেট	ব্যয়	পার্থক্য
১	Maternal, Neonatal & Child Health (MNCH) and Health System Improvement Project (Component-1)	জিওবি : ১০৭১.২০	জিওবি : ১০৭১.২০	জিওবি : ০
		মোট : ১০৭১.২০	মোট : ১০৭১.২০	মোট : ০
২	Covid-19 Emergency Response and Pandemic Preparedness Project	জিওবি : ১৮০.৫২	জিওবি : ১৮০.৫২	জিওবি : ০
		পিএ : ১৪১১৩.৩১	পিএ : ১৪৮৭৪.১৬	পিএ : ৭৬০.৮৫
		স্থিতি স্পেশাল একাউন্ট : ১৫০০০.০০	স্থিতি স্পেশাল একাউন্ট : ১৪২৩৯.১৫	স্থিতি স্পেশাল একাউন্ট : ৭৬০.৮৫
		মোট : ২৯২৯৩.৮৩	মোট : ২৯২৯৩.৮৩	মোট : ০

অডিটের আইনগত ভিত্তিঃ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে। অডিটের পরিধি: প্রাথমিক তথ্য সংগ্রহের পর নিরীক্ষার ইস্যু, বাজেট বরাদ্দসহ অন্যান্য তথ্যাদি পর্যালোচনা করে উক্ত প্রকল্পসমূহের ২০২০-২০২১ অর্থবছরে স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত (১) Maternal, Neonatal & Child Health (MNCH) and Health System Improvement Project (Component-1) এবং (২) Covid-19 Emergency Response and Pandemic Preparedness Project নিরীক্ষার আওতায় আনা হয়।

অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য:

অডিটের বিষয়বস্তু:

স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত (১) Maternal, Neonatal & Child Health (MNCH) and Health System Improvement Project (Component-1) এবং (২) Covid-19 Emergency Response and Pandemic Preparedness Project শীর্ষক প্রকল্পের ২০২০-২০২১ অর্থবছরের হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট।

অডিট কৌশল:

বাস্তবায়নকারী সংস্থার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, বিধি-বিধান সংগৃহীত তথ্যাবলী হতে ঝুঁকি নির্ধারণসহ নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করে অডিট পরিকল্পনা প্রণয়ন করে নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং নিরীক্ষা কার্যক্রম চলাকালীন প্রয়োজনীয় working Paper তৈরি/সংরক্ষণ করে পেশাগত দক্ষতা ও বিচক্ষণতায় নিরীক্ষা কার্যক্রম সম্পাদনপূর্বক অডিট রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। এক্ষেত্রে গৃহীত পদ্ধতিসমূহ নিম্নরূপ:

- বাস্তব যাচাই
- ঘটনা সমীক্ষা
- কাজ সমীক্ষা
- তথ্য বিশ্লেষণ
- Judgmental Sampling

অডিট সময়কাল:

ক্রমিক নং	প্রকল্পের নাম	সময়কাল
১	মেটরনাল, নিওনেটাল এন্ড চাইল্ড হেলথ (এমএনসিএইচ) এন্ড হেলথ সিস্টেম ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (কম্পোনেন্ট-১)	০৮-০৯-২০২১ খ্রি. হতে ২৯-০৯-২০২১ খ্রি.
২	কোভিড-১৯ ইমারজেন্সি রেসপন্স এন্ড পেনডেমিক প্রিপ্র্যার্ডনেস প্রজেক্ট	১৯-০৯-২০২১ খ্রি. হতে ২৮-০৯-২০২১ খ্রি.

পূর্ববর্তী অডিট রিপোর্টের হালনাগাদ তথ্য:

ক্র নং	প্রকল্পের নাম	অবস্থা
১	মেটরনাল, নিওনেটাল এন্ড চাইল্ড হেলথ (এমএনসিএইচ) এন্ড হেলথ সিস্টেম ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (কম্পোনেন্ট-১)	৬ষ্ঠ নিরীক্ষা।
২	কোভিড-১৯ ইমারজেন্সি রেসপন্স এন্ড পেনডেমিক প্রিপ্র্যার্ডনেস প্রজেক্ট	২য় নিরীক্ষা।

নির্বাহী সারসংক্ষেপ

বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতায় স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত (১) Maternal, Neonatal & Child Health (MNCH) and Health System Improvement Project (Component-1) এবং (২) Covid-19 Emergency Response and Pandemic Preparedness Project শীর্ষক প্রকল্পসমূহের ২০২০-২০২১ অর্থবছরের বাজেট বরাদ্দের বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক নিরীক্ষাকার্য সম্পাদন করা হয়।

নিরীক্ষাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধান লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলত: প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রিপোর্টে ০৫(পাঁচ) টি অডিট অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ ১৩,৪০,৪০,২৫৮.০০ (তের কোটি চল্লিশ লক্ষ চল্লিশ হাজার দুইশত আটান্ন) টাকা যা মোট বরাদ্দের ৪.৪১%।

এই রিপোর্টে অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপ:

অনিয়ম ও ক্ষতির কারণসমূহ:

- সিপিডব্লিউএসি (সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস একাউন্ট কোড) এর প্যারা নং-২০৯(ডি) অনুসরণ না করে কার্যচুক্তির অধীন মালামাল সরবরাহ না করা এবং কম সরবরাহ করা সত্ত্বেও সম্পূর্ণ বিল পরিশোধ করা হয়েছে।
- পিপিআর-২০০৮ এর বিধি ৭৮(২) ও বিধি ৮০(১) (ক) লঙ্ঘন করে ভেরিয়েশনের কারণ বর্ণনা ব্যতিরেকে এবং ভেরিয়েশন পরিমাপের জন্য চুক্তি মূল্যের চেয়ে অধিক মূল্য পরিশোধ করা হয়েছে। এছাড়া পিপিআর-২০০৮ এর বিধি ১২৭ এর নির্দেশনা অনুসরণ করা হয়নি।
- চুক্তিপত্রের জিসিসি ক্রজ-৮৮.৩ এর নির্দেশনা অনুযায়ী ধার্যকৃত জরিমানার টাকা সংশ্লিষ্ট ঠিকাদারের পারফরমেন্স সিকিউরিটি এবং নিরাপত্তা জামানত থেকে কর্তনের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়নি।
- পিপিআর-২০০৮ এর বিধি ৩৯(২৭) অনুসরণক্রমে চুক্তিপত্রের পিসিসি ক্রজ নং-৭১.১ এর নির্দেশনা অনুযায়ী বিলম্ব জরিমানা আরোপ এবং আদায় করা হয়নি।
- জিএফআর-১০০ অনুযায়ী কাজে নিয়োজিত বিভাগকে উক্ত কার্য সম্পাদনের জন্য বাজেট বরাদ্দ প্রদান করা হয়নি।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায় ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী অডিটের সুপারিশসমূহ বাস্তবায়ন না করার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এ রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

শব্দ সংক্ষেপ

BOQ	Bill of Quantity
CCGP	Cabinet Committee on Government Purchase
CD/VAT	Customs Duty/Value Added Tax
CMSD	Central Medical Stores Depot
CPWAC	Central Public Works Account Code
DO	Demi Official
DGHS	Director General of Health Services
GASB	Government Auditing Standard of Bangladesh
GCC	General Condition of Contract
GFR	General Financial Rules
GOB	Government of Bangladesh
HED	Health Engineering Division
JV	Joint Venture
KPI	Key Performance Indicator
MB	Measurement Book
MNCH	Maternal, Neonatal & Child Health
PA	Project Aide
PPA	Public Procurement Act
PCC	Particular Condition of Contract
PPR	Public Procurement Rules
PPE	Personl Protection Equipment
PWD	Public Works Division
RFP	Request For Proposal
SFI	Serious Financial Irregularities

ଅଧ୍ୟାୟ-୨

অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ:

অনুচ্ছেদ নম্বর	শিরোনাম	জড়িত টাকা
১	কার্যচুক্তির অধীন মালামাল সরবরাহ না করায় এবং কম সরবরাহ করা সত্ত্বেও সম্পূর্ণ বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি।	১৪,৭১,৭৫০.০০
২	পিপিআর-২০০৮ এর বিধি লঙ্ঘনপূর্বক মূল চুক্তিমূল্যের চেয়ে অধিক চুক্তি মূল্যে অতিরিক্ত কাজের বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি।	৪৮,৬৫,৪৩০.০০
৩	চুক্তি বাতিল করা সত্ত্বেও চুক্তির শর্তানুযায়ী নির্মাণ ঠিকাদারের কাছ থেকে ধার্যকৃত ক্ষতিপূরণ আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি।	৪৭,৫২,১৪৬.০০
৪	চুক্তির শর্ত মোতাবেক বিলম্বজনিত জরিমানা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি।	১,৮৬,০৯,৪৮৫.০০
৫	অতিমারীকালীন জরুরি চিকিৎসা উপকরণ যথাসময়ে খালাস না করে পোর্ট ডেমারেজ চার্জ পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি।	১০,৪৩,৪১,৪৪৭.০০
সর্বমোট		১৩,৪০,৪০,২৫৮.০০

কথায়: তের কোটি চল্লিশ লক্ষ চল্লিশ হাজার দুইশত আটান্ন টাকা মাত্র।

অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণী

শিরোনাম: কার্যচুক্তির অধীন মালামাল সরবরাহ না করায় এবং কম সরবরাহ করা সত্ত্বেও সম্পূর্ণ বিল পরিশোধ করায় সরকারের ১৪,৭১,৭৫০.০০ (চৌদ্দ লক্ষ একাত্তর হাজার সাতশত পঞ্চাশ) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ:

স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “Maternal, Neonatal & Child Health (MNCH) and Health System Improvement (Component-1)” শীর্ষক প্রকল্পের নির্বাহী প্রকৌশলী, মেডিকেল কলেজ, গণপূর্ত বিভাগ, ঢাকা ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-০২, রাজশাহী কার্যালয়ের ২০২০-২০২১ অর্থবছরে কার্যচুক্তির অধীন মালামাল সরবরাহ না করায় এবং কম সরবরাহ করা সত্ত্বেও সম্পূর্ণ বিল পরিশোধ করায় সরকারের ১৪,৭১,৭৫০.০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে রাজশাহী নার্সিং কলেজ এবং ঢাকা নার্সিং কলেজের প্রশাসনিক ভবনের সংস্কার ও মেরামত কাজের পরিশোধিত বিল-ভাউচার, মেজারমেন্ট বই, এমআরআর/হ্যান্ড ওভার ও টেক ওভার রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, রাজশাহী নার্সিং কলেজের সংস্কার ও মেরামত কাজের জন্য ১৬-১১-২০১৬ খ্রি. তারিখে রাজশাহী মেডিকেল কলেজ ডিভিশন, গণপূর্ত বিভাগ-২ এর সাথে মেসার্স ব্রাদার্স কনস্ট্রাকশন এন্ড (জেভি) এর চুক্তিপত্র (নং-২ অর্থবছর ২০১৫-২০১৬) সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজটি ১৩-৪-২০২০ খ্রি. তারিখে কলেজের অধ্যক্ষের নিকট হস্তান্তর করা হয়। হস্তান্তরকালে কলেজ অধ্যক্ষ ৫৯০টি এনার্জি সেভিংস ল্যাম্প (২৩ ওয়াট) বুঝে পাননি। কিন্তু বিল নং-৯৮ তারিখ: ২৪-০৬-২০২১ খ্রি. এর মাধ্যমে পিডব্লিউডি এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে ঠিকাদারকে ১,৪৭,৫০০.০০ টাকা পরিশোধ করা হয়েছে। সুতরাং পণ্য সরবরাহ না করা সত্ত্বেও ঠিকাদারকে অর্থ পরিশোধ করা হয়েছে। বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ পরিশিষ্ট-১(১)।

আবার, ঢাকা নার্সিং কলেজের প্রশাসনিক ভবনের সংস্কার ও মেরামত কাজের জন্য ২৬-১২-২০১৬ খ্রি. তারিখে নির্বাহী প্রকৌশলী, মেডিকেল কলেজ, গণপূর্ত বিভাগ, ঢাকা এর সাথে আশফাকুর রহমান-পীরলেস ভেনচার লিঃ (জেভি) এর একটি চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজটি ৩০-৪-২০১৯ খ্রি. তারিখে কলেজের অধ্যক্ষের নিকট হস্তান্তর করা হয়। হস্তান্তরকালে কলেজ অধ্যক্ষ কতিপয় ইলেকট্রিক আইটেম (যেমন: সকার লাইট, ব্রাকেট লাইট, কমবি সেট, সার্কিট ব্রেকার, এসি ইত্যাদি) বিলে উল্লিখিত পরিমাণ অপেক্ষা কম সংখ্যক পণ্য বুঝে পান। কিন্তু চূড়ান্ত বিল নং-১১৩, তারিখ: ১৬-০৬-২০২০ খ্রি. এর মাধ্যমে পিডব্লিউডি এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে ঠিকাদারকে ৫৭,৮৯,৭৫০.০০ টাকা পরিশোধ করা হয়েছে। অথচ সরবরাহকৃত পণ্যের মূল্য ৪৪,৬৫,৫০০.০০ টাকা। সুতরাং পণ্য সরবরাহ না করা সত্ত্বেও ঠিকাদারকে ১৩,২৪,২৫০.০০ টাকা (৫৭,৮৯,৭৫০.০০-৪৪,৬৫,৫০০.০০) অতিরিক্ত পরিশোধ করা হয়েছে। বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ পরিশিষ্ট-১(২)।

সিপিডব্লিউএসি (সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস একাউন্ট কোড) এর প্যারা নং-২০৯(ডি) অনুযায়ী মেজারমেন্ট বুকে রেকর্ডভুক্ত কাজের পরিমাপের ভিত্তিতে মূল্য পরিশোধ করতে হবে এবং ট্রেজারি রুলস্-৪ এর অধীন প্রণীত সাবসিডিয়ারি রুলস-২৪৮ অনুযায়ী প্রতিটি পরিশোধ অবশ্যই কাযটি সম্মত শর্তাদি অনুযায়ী সম্পাদন করা হয়েছে মর্মে একজন দায়িত্বশীল কর্মকর্তার প্রত্যয়নপত্র দ্বারা সমর্থিত হতে হবে।

ফলে কার্যচুক্তির অধীন মালামাল সরবরাহ না করায় এবং কম সরবরাহ করা সত্ত্বেও সম্পূর্ণ বিল পরিশোধ করায় সরকারের ১৪,৭১,৭৫০.০০ (১,৪৭,৫০০+ ১৩,২৪,২৫০) টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

অনিয়মের কারণ:

সিপিডব্লিউএসি (সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস একাউন্ট কোড) এর প্যারা নং-২০৯(ডি) অনুসরণ না করে কার্যচুক্তির অধীন মালামাল সরবরাহ না করা এবং কম সরবরাহ করা সত্ত্বেও সম্পূর্ণ বিল পরিশোধ করা হয়েছে।

প্রকল্প কর্তৃপক্ষের জবাব:

নথিপত্র যাচাই পূর্বক জবাব প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য:

নিরীক্ষাকালীন মেমোর প্রেক্ষিতে নিরীক্ষিত অফিস থেকে জবাব প্রদান করা হয়নি। অডিট অধিদপ্তর কর্তৃক ২৩-১২-২০২১ খ্রি. তারিখে এআইআর ইস্যু করা হয়। ০৮-০৩-২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ০২-০৬-২০২২ খ্রি. তারিখে ডিও লেটার প্রদান করা হয়। পরবর্তীতে গণপূর্ত বিভাগ-২, রাজশাহী কার্যালয় হতে ০২-০৬-২০২২ খ্রি. তারিখে জবাব পাওয়া যায়। জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়, কেননা আপত্তির পরিশিষ্টে বর্ণিত আইটেমের সাথে ব্রডশীট জবাবে বর্ণিত আইটেমের মিল নেই। নির্বাহী প্রকৌশলী, মেডিকেল কলেজ, গণপূর্ত বিভাগ, ঢাকা কার্যালয় হতে ব্রডশীট জবাব পাওয়া যায়নি। চুক্তি অনুযায়ী বিওকিউতে বর্ণিত কাজের বিবরণ এবং পরিমাণ অনুযায়ী কাজ সম্পাদনপূর্বক ব্যবহারকারী সংস্থাকে বুঝিয়ে দিতে হবে। এক্ষেত্রে কার্যচুক্তির অধীন মালামাল সরবরাহ না করায় এবং কম সরবরাহ করা সত্ত্বেও সম্পূর্ণ বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষার সুপারিশ:

পরিশিষ্টে উল্লিখিত জড়িত/দায়ী ব্যক্তিদের নিকট হতে আপত্তিকৃত টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যিক।

শিরোনাম: পিপিআর-২০০৮ এর বিধি লঙ্ঘনপূর্বক মূল চুক্তিমূল্যের চেয়ে অধিক চুক্তি মূল্যে অতিরিক্ত কাজের বিল পরিশোধ করায় সরকারের ৪৮,৬৫,৪৩০.০০ (আটচল্লিশ লক্ষ পঁয়ষাট হাজার চারশত ত্রিশ) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ:

স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “Maternal, Neonatal & Child Health (MNCH) and Health System Improvement (Component-1)” শীর্ষক প্রকল্পের নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-০২, রাজশাহী কার্যালয়ের ২০২০-২০২১ অর্থবছরে পিপিআর-২০০৮ এর বিধি লঙ্ঘনপূর্বক মূল চুক্তিমূল্যের চেয়ে অধিক চুক্তি মূল্যে অতিরিক্ত কাজের বিল পরিশোধ করায় সরকারের ৪৮,৬৫,৪৩০.০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে রাজশাহী নার্সিং কলেজের সংস্কার ও মেরামত কাজের পরিশোধিত বিল-ভাউচার, বিওকিউ, ভেরিয়েশন পর্যালোচনায় দেখা যায় যে, রাজশাহী নার্সিং কলেজের সংস্কার ও মেরামত কাজের জন্য ১৬-১১-২০১৬ খ্রি. তারিখে রাজশাহী মেডিকেল কলেজ ডিভিশন, গণপূর্ত বিভাগ-২ এর সাথে মেসার্স ব্রাদার্স কনস্ট্রাকশন এন্ড (জৈভি) এর একটি চুক্তি (চুক্তি নং-২ অর্থবছর ২০১৫-২০১৬) সম্পাদিত হয়। চুক্তির আওতায় সম্পাদিত কাজের চূড়ান্ত বিল পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত কাজের ডিজাইন পরিবর্তন করা হয়নি কিংবা নতুন কাজের সংযোজনও করা হয়নি। কিন্তু প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক ডিফরমড বারের [বিওকিউ আইটেম নং-২৬(১)] বিওকিউ পরিমাণ ৬২.৯৭% কমিয়ে, স্টীলের তৈরি বারান্দার গ্রীলের [বিওকিউ আইটেম নং-৬৫(১)] পরিমাণ ৪৯৯৫.৩৪% বৃদ্ধি করে এবং জানালা ও দরজার চৌকাঠের (আইটেম নং-৩৩) বিওকিউ পরিমাণ ৪৪.৫৪% বৃদ্ধি করে ভেরিয়েশন আদেশ জারি করা হয়। বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ পরিশিষ্ট-২।

পিপিআর-২০০৮ এর বিধি ৭৮(২) অনুযায়ী প্রকল্পের অজ্ঞাত ও অস্বাভাবিক ভৌত অবস্থার কারণে মূল কাজের উন্নতিবিধান বা সংরক্ষনের প্রয়োজনে মূল চুক্তিতে অন্তর্ভুক্ত ছিল না এরূপ নতুন কাজের জন্য ভেরিয়েশন আদেশ প্রদান করতে পারবেন। আলোচ্য ক্ষেত্রে উল্লিখিত বিধি অনুসরণ না করে ঠিকাদারকে আর্থিক সুবিধা প্রদানের উদ্দেশ্যে সংস্কার কাজে বর্ণিত আইটেমসমূহের পরিমাণ ও মূল্য বৃদ্ধি করা হয়েছে। এক্ষেত্রে নৈতিক বিধি অনুসরণ করা হয়নি।

পিপিএ-২০০৬ ধারা-৬৪(১) অনুযায়ী এ আইন বা তদাধীন প্রণীত কোন বিধির লঙ্ঘন করে কর্তৃপক্ষ কোন পণ্য, সেবা বা কার্য ক্রয় বা সংগ্রহ করবেন না বা করার চেষ্টা করবেন না এবং পিপিআর-২০০৮ এর বিধি ১২৭ এর নির্দেশনা অনুযায়ী ক্রয়কারী ক্রয় প্রক্রিয়াকরণকালে দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কার্য হতে বিরত থেকে অবাধ ও উন্মুক্ত প্রতিযোগিতা নিশ্চিত করবেন এবং তফসিল-১৩ তে বর্ণিত নৈতিক বিধি অনুসরণ করবেন।

অধিকন্তু ভেরিয়েশন আদেশে ডিফরমড বারের চুক্তিমূল্য প্রতি কেজি ৬৫.০০ টাকা থেকে ৮১.০০ টাকা, স্টীলের তৈরি বারান্দার গ্রীলের মূল্য প্রতি বর্গমিটার ৭,০০০.০০ টাকা থেকে ১১,৩৯১.০০ টাকা এবং জানালা ও দরজার চৌকাঠের মূল্য প্রতি ঘনমিটার ১,২০,০০০.০০ টাকা থেকে ২,৪৩,২১৬.০০ টাকা নির্ধারণ করা হয়। সে অনুযায়ী নির্ধারিত উচ্চমূল্যে ভেরিয়েশন পরিমাণ ডিফরমড বার, স্টীলের তৈরি বারান্দার গ্রীল এবং জানালা ও দরজার চৌকাঠের মূল্য বাবদ ঠিকাদারকে অতিরিক্ত ৪৮,৬৫,৪৩০.০০ (২৪,৯৬,১৫১.৭৭+৫,৪১,৯৮৫.২৮+ ১৮,২৭,২৯৩.০০) টাকা পরিশোধ করা হয়েছে। বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ পরিশিষ্ট-২।

পিপিআর-২০০৮ বিধি-৮০(১) (ক) অনুযায়ী অতিরিক্ত কার্যের আইটেমসমূহ মূল চুক্তির অনুরূপ হলে উক্ত অতিরিক্ত আইটেমসমূহের মূল্য পরিশোধের ক্ষেত্রে মূলচুক্তির একক মূল্য প্রযোজ্য হবে। এক্ষেত্রে উপরোক্ত বিধি লঙ্ঘন করে ঠিকাদারকে আর্থিক সুবিধা প্রদানের উদ্দেশ্যে ডিজাইন পরিবর্তন ব্যতীত চুক্তিমূল্য অপেক্ষা অস্বাভাবিক একক মূল্য বৃদ্ধিপূর্বক ঠিকাদারকে অতিরিক্ত ৪৮,৬৫,৪৩০.০০ টাকা পরিশোধ করায় আর্থিক ক্ষতি হয়েছে।

অনিয়মের কারণ:

পিপিআর-২০০৮ এর বিধি ৭৮(২) ও বিধি ৮০(১) (ক) লঙ্ঘন করে ভেরিয়েশনের কারণ বর্ণনা ব্যতিরেকে এবং ভেরিয়েশন পরিমাপের জন্য চুক্তি মূল্যের চেয়ে অধিক মূল্য পরিশোধ করা হয়েছে। এছাড়া পিপিআর-২০০৮ এর বিধি ১২৭ এর নির্দেশনা অনুসরণ করা হয়নি।

প্রকল্প কর্তৃপক্ষের জবাব:

নথিপত্র যাচাই পূর্বক জবাব প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য:

নিরীক্ষাকালীন মেমোর প্রেক্ষিতে নিরীক্ষিত অফিস থেকে জবাব প্রদান করা হয়নি। অডিট অধিদপ্তর কর্তৃক ২৩-১২-২০২১ খ্রি. তারিখে এআইআর ইস্যু করা হয়। ০৮-০৩-২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ০২-০৬-২০২২ খ্রি. তারিখে ডিও লেটার প্রদান করা হয়। পরবর্তীতে গণপূর্ত বিভাগ-২, রাজশাহী কার্যালয়ে হতে ০২-০৬-২০২২ খ্রি. তারিখে জবাব পাওয়া যায়। জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়, কেননা চুক্তিপত্রের পিসিসি ক্লজ নং-৬৯.১ এর বর্ণনা অনুযায়ী নির্মাণ কাজে সংশ্লিষ্ট ঠিকাদার প্রাইস এডজাস্টমেন্ট প্রাপ্য হবে না বিধায় ভেরিয়েশন আইটেমের জন্য চুক্তিমূল্য অপেক্ষা অতিরিক্ত মূল্য পরিশোধের সুযোগ নেই বিধায় আপত্তিকৃত অর্থ আদায়যোগ্য।

নিরীক্ষার সুপারিশ:

পরিশিষ্টে উল্লিখিত জড়িত/দায়ী ব্যক্তিদের নিকট হতে আপত্তিকৃত টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যিক।

অনুচ্ছেদ নম্বর: ০৩

শিরোনাম: চুক্তি বাতিল করা সত্ত্বেও চুক্তির শর্তানুযায়ী নির্মাণ ঠিকাদারের কাছ থেকে ধার্যকৃত ক্ষতিপূরণ আদায় না করায় সরকারের ৪৭,৫২,১৪৬.০০ (সাতচল্লিশ লক্ষ বায়ান্ন হাজার একশত ছেচল্লিশ) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ:

স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “Maternal, Neonatal & Child Health (MNCH) and Health System Improvement (Component-1)” শীর্ষক প্রকল্পের নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, চট্টগ্রাম কার্যালয়ের ২০২০-২০২১ অর্থবছরে চুক্তি বাতিল করা সত্ত্বেও চুক্তির শর্তানুযায়ী নির্মাণ ঠিকাদারের কাছ থেকে ধার্যকৃত ক্ষতিপূরণ আদায় না করায় সরকারের ৪৭,৫২,১৪৬.০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে চট্টগ্রাম নার্সিং কলেজ এবং হোস্টেলের মেরামত ও সংস্কার কাজের কার্যাদেশ, চুক্তিপত্র, অফিস স্মারক-৩২৬৭(৬)/১ এবং পরিশোধিত বিল-ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে, চট্টগ্রাম নার্সিং কলেজ এবং হোস্টেলের মেরামত ও সংস্কার কাজ সম্পাদনের নিমিত্ত ১২মাস সময়সীমা (১৪-১১-২০১৭ খ্রি.) নির্ধারণপূর্বক স্মারক নং-৩৪৩৭ তারিখ : ১৫-১১-২০১৬ খ্রি. মূলে ঠিকাদার মেসার্স বিল্ডার্স ইঞ্জিনিয়ার্স এসোসিয়েট এন্ড নাহিয়ান এন্টারপ্রাইজ (জেনি) কে ৪,৩০,৫০,৮৬৬.০০ টাকার কার্যাদেশ প্রদান করা হয়। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ শেষ করতে না পারায় প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক ২৪-০৪-২০১৮ খ্রি. তারিখে দ্রুততম সময়ে কাজ শেষ করার জন্য ১ম তাগিদপত্র দেওয়া হয়। পরবর্তীতে বিভিন্ন সময়ে আরও ৬টি তাগিদপত্র দেওয়া হয়। কিন্তু সংশ্লিষ্ট ঠিকাদার নভেম্বর/২০২০ পর্যন্ত সর্বমোট ৪৬% কাজ সম্পন্ন করে। ০৭-০৭-২০২০ খ্রি. তারিখে চূড়ান্ত নোটিশ প্রদানপূর্বক ১৫-১১-২০২০ খ্রি. তারিখে চুক্তিটি বাতিল করা হয়। ৩০-০৬-২০২১ খ্রি. তারিখে যৌথ পরিমাপপূর্বক ৫ম চলতি ও চূড়ান্ত বিল নং-৫১৯ তারিখঃ ৩০/০৬/২০২১খ্রি. এর মাধ্যমে ১,৯২,৯০,১৩৪.০০ টাকা পরিশোধ করা হয়। চুক্তির পিসিসি ক্লজ-৮৮.১ অনুসারে স্মারক নং-৪৬৯৭ (৪)/১, তারিখঃ ২৩-০৬-২০২১ খ্রি. এর মাধ্যমে অসমাপ্ত কাজের মূল্য ২,৩৭,৬০,৭৩২.০ (৪,৩০,৫০,৮৬৬.০০-১,৯২,৯০,১৩৪.০০) টাকার ওপর ২০% হারে ৪৭,৫২,১৪৬.০০ টাকা জরিমানা ধার্য করা হয় এবং ১৫ দিনের মধ্যে ধার্যকৃত জরিমানার টাকা পে-অর্ডার এর মাধ্যমে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে জমা প্রদানের অনুরোধ করা হয়। বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ পরিশিষ্ট-৩।

চুক্তিপত্রের জিসিসি ক্লজ-৮৮.৩ এর শর্তানুযায়ী জরিমানার টাকা সংশ্লিষ্ট ঠিকাদারের পারফরমেন্স সিকিউরিটি এবং নিরাপত্তা জামানত থেকে কর্তনপূর্বক সমন্বয় করা আবশ্যিক। এক্ষেত্রে সংশ্লিষ্ট ঠিকাদারের পারফরমেন্স সিকিউরিটি এবং নিরাপত্তা জামানত থেকে জরিমানার টাকা কর্তন না করে ঠিকাদারকে অযৌক্তিক সুবিধা প্রদানের মাধ্যমে আপত্তিকৃত টাকা কর্তনপূর্বক জমা না করায় সরকারের ৪৭,৫২,১৪৬.০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

অনিয়মের কারণ:

চুক্তিপত্রের জিসিসি ক্লজ-৮৮.৩ এর নির্দেশনা অনুযায়ী ধার্যকৃত জরিমানার টাকা সংশ্লিষ্ট ঠিকাদারের পারফরমেন্স সিকিউরিটি এবং নিরাপত্তা জামানত থেকে কর্তনের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

প্রকল্প কর্তৃপক্ষের জবাব:

উল্লিখিত পরিমাণ টাকা পুনরুদ্ধার করে সেই অনুযায়ী বিস্তারিত ব্রডশীট জবাব দেওয়া হবে।

নিরীক্ষা মন্তব্য:

অডিট অধিদপ্তর কর্তৃক ২৩-১২-২০২১ খ্রি. তারিখে এআইআর ইস্যু করা হয়। ০৮-০৩-২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ০২-০৬-২০২২ খ্রি. তারিখে ডিও লেটার প্রদান করা হয়। অদ্যবধি কোন ব্রডশীট জবাব পাওয়া যায়নি। চুক্তি বাতিলের সাথে ধার্যকৃত জরিমানার টাকা সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের পারফরমেন্স সিকিউরিটি এবং নিরাপত্তা জামানত থেকে কর্তনপূর্বক দ্রুততম সময়ের মধ্যে তা সরকারি কোষাগারে জমা করা আবশ্যিক ছিল।

নিরীক্ষার সুপারিশ:

যথাসময়ে ঠিকাদারের পারফরমেন্স সিকিউরিটি এবং নিরাপত্তা জামানতের টাকা হতে ধার্যকৃত জরিমানা সমন্বয় না করার সাথে জড়িত/দায়ী ব্যক্তিদের নিকট হতে আপত্তিকৃত টাকা আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যিক।

অনুচ্ছেদ নম্বর: ০৪

শিরোনাম: চুক্তির শর্ত মোতাবেক বিলম্বজনিত জরিমানা আদায় না করায় সরকারের ১,৮৬,০৯,৪৮৫.০০ (এক কোটি ছিয়াশি লক্ষ নয় হাজার চারশত পঁচাশি) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ:

স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “Maternal, Neonatal & Child Health (MNCH) and Health System Improvement (Component-1)” শীর্ষক প্রকল্পের (১) নির্বাহী প্রকৌশলী, মেডিকেল কলেজ, গণপূর্ত বিভাগ, ঢাকা (২) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-০২, রাজশাহী এবং (৩) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, চট্টগ্রাম কার্যালয়ের ২০২০-২০২১ অর্থবছরে চুক্তির শর্ত মোতাবেক বিলম্বজনিত জরিমানা আদায় না করায় সরকারের ১,৮৬,০৯,৪৮৫.০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে ঢাকা নার্সিং কলেজের প্রশাসনিক ভবনের, চট্টগ্রাম নার্সিং কলেজের এবং রাজশাহী নার্সিং কলেজের সংস্কার ও মেরামত কাজের কার্যাদেশ, চুক্তিপত্র, প্রগ্রেস রিপোর্ট, কার্য হস্তান্তর পত্র এবং পরিশোধিত বিল-ভাউচার পর্যালোচনা করা হয়। নিরীক্ষায় দেখা যায় যে, ঢাকা নার্সিং কলেজের প্রশাসনিক ভবনের সংস্কার ও মেরামত কাজের জন্য ০৮-০৪-২০২০ খ্রি. তারিখে নির্বাহী প্রকৌশলী, মেডিকেল কলেজ, গণপূর্ত বিভাগ, ঢাকা এর সাথে বাবর এসোসিয়েটস্ এর ২টি চুক্তি (চুক্তি নং-১৮/এমসিডি/ডিএমসিএইচ/ই-জিপি/ওটিএম/ওপি/১৮/২০১৯-২০ এবং চুক্তি নং-১৯/এমসিডি/ডিএমসিএইচ/ই-জিপি/ওটিএম/ওপি/১৯/২০১৯-২০) সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী কাজ দুইটি ০৭-০৫-২০২০ খ্রি. এবং ০৭-০৬-২০২০ খ্রি. তারিখে শেষ করার কথা কিন্তু ১ম কাজটি ২৫১ দিন এবং ২য় কাজটি ২৮১ দিন বিলম্বে ১৮-০২-২০২১খ্রি. তারিখে কাজ সমাপনান্তে ব্যবহারকারীর নিকট বুঝিয়ে দেয়া হয়। ৩০ জুন/২০২০ অসম্পাদিত কাজের মূল্য ১,১৪,৯৯,৯৫৪.০০ টাকা। বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ পরিশিষ্ট-৪(১)। চট্টগ্রাম নার্সিং কলেজের মেরামত ও সংস্কার কাজের জন্য ১৫-১১-২০১৬ তারিখে গণপূর্ত বিভাগ, চট্টগ্রাম এর সাথে মেসার্স জামাল এন্ড কোং ও ডেল্টা ইঞ্জিনিয়ার এন্ড কনসোল্ট্যান্টস এর একটি চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী কাজটি ২১-১১-২০১৮ খ্রি. তারিখে শেষ করার কথা কিন্তু ১০২৪ দিন বিলম্বে ১৫-০৯-২০২১ খ্রি. তারিখে কাজ সমাপনান্তে ব্যবহারকারী নিকট বুঝিয়ে দেয়া হয়। ৩০ জুন/২০২০ অসম্পাদিত কাজের মূল্য ২,৩১,৫৩,৪৬১.০০ টাকা। বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ পরিশিষ্ট-৪(২)।

চুক্তিপত্রের পিসিসি ক্লজ নং-৭১.১ অনুযায়ী প্রত্যাশিত কার্য সম্পাদনের শেষ তারিখের পর প্রতিদিন কার্য সমাপ্তির বিলম্বে অসম্পাদিত কাজের জন্য ০.০৫% হারে বিলম্ব জরিমানা আরোপ করতে হবে এবং পিপিআর-২০০৮ এর বিধি ৩৯(২৭) অনুযায়ী মূল চুক্তিতে প্রত্যাশিত বা সম্প্রসারিত সমাপ্তির তারিখ হতে প্রতিদিন বিলম্বের জন্য ঠিকাদার চুক্তিতে নির্ধারিত দৈনিক বা সাপ্তাহিক হারে বিলম্বজনিত ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

উপরোক্ত কাজ ২টির ক্ষেত্রে নির্ধারিত সময়ে কার্য সমাপ্তিতে ব্যর্থ হওয়া সত্ত্বেও ঠিকাদারের ওপর বিলম্ব জরিমানা আরোপ করা হয়নি। ফলে চুক্তির শর্ত নং-৭১.১ লঙ্ঘন করায় প্রতিদিন ০.০৫% হারে বিলম্ব জরিমানা বাবদ (১৫,২৬,৩৫০+১,১৮,৫৪,৫৭২)=১,৩৩,৮০,৯২২.০০ টাকা কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ পরিশিষ্ট-৪(১ ও ২)।

রাজশাহী নার্সিং কলেজের সংস্কার ও মেরামত কাজের জন্য ১৬-১১-২০১৬ খ্রি. তারিখে রাজশাহী মেডিকেল কলেজ ডিভিশন, গণপূর্ত বিভাগ-২, রাজশাহী এর সাথে মেসার্স ব্রাদার্স কনস্ট্রাকশন (জেভি) এর একটি চুক্তি সম্পাদিত হয়। চুক্তি অনুযায়ী কাজটি ১৫-১১-২০১৮ খ্রি. তারিখে শেষ করার কথা। কিন্তু ০৮-০৪-২০২০ খ্রি. তারিখ পর্যন্ত ১০,০০০.০০ টাকা জরিমানাসহ ১ম বার সময় বৃদ্ধি করা হয়। আবার ঠিকাদারের আবেদনের (তারিখবিহীন) প্রেক্ষিতে ৪৪৮ দিন সময় বৃদ্ধি করে নির্বাহী প্রকৌশলীর সুপারিশক্রমে ১,০০০.০০ টাকা জরিমানা ধার্য পূর্বক ৩০-০৬-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত ২য় বার সময় বৃদ্ধির অনুমোদন করা হয়। ৩০ জুন/২০২০ অসম্পাদিত কাজের মূল্য ১,১৬,৭৩,১৩২.০০ টাকা।

বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ পরিশিষ্ট-৪(৩)।

চুক্তির পিসিসি ক্রজ নং-৭১.১ অনুযায়ী অসম্পাদিত কাজের ওপর ০.১% হারে বিলম্ব জরিমানা আরোপ করতে হবে। এক্ষেত্রে চুক্তির শর্ত লঙ্ঘন করে নির্বাহী প্রকৌশলী, রাজশাহী মেডিকেল কলেজ ডিভিশন, গণপূর্ত বিভাগ-২, রাজশাহীর সুপারিশক্রমে অনিয়মিতভাবে ঠিকাদারকে সুবিধা প্রদানের জন্য মাত্র ১,০০০.০০ টাকা জরিমানা পূর্বক ২য় বার সময় বৃদ্ধি অনুমোদন দেয়া হয়। ফলে চুক্তির শর্ত লঙ্ঘন করায় প্রতিদিন ০.১% হারে বিলম্ব জরিমানা বাবদ ৫২,২৮,৫৬৩.০০ টাকা কর্তন না করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত বিবরণ দ্বিতীয় অংশ পরিশিষ্ট-৪(৩)।

উপরোক্ত ৩টি কাজের ক্ষেত্রে চুক্তিপত্রের পিসিসি ক্রজ নং-৭১.১ লঙ্ঘন করায় বিলম্বজনিত জরিমানা বাবদ অর্থ কর্তন না করায় সর্বমোট $(১৫,২৬,৩৫০.০০ + ১,৮,৫৪,৫৭২.০০ + ৫২,২৮,৫৬৩.০০) = ১,৮৬,০৯,৪৮৫.০০$ টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

অনিয়মের কারণ:

পিপিআর-২০০৮ এর বিধি ৩৯(২৭) অনুসরণক্রমে চুক্তিপত্রের পিসিসি ক্রজ নং-৭১.১ এর নির্দেশনা অনুযায়ী বিলম্ব জরিমানা আরোপ এবং আদায় করা হয়নি।

প্রকল্প কর্তৃপক্ষের জবাব:

নথিপত্র যাচাইপূর্বক জবাব প্রেরণ করা হবে।

নিরীক্ষা মন্তব্য:

নিরীক্ষাকালীন মেমোর প্রেক্ষিতে নিরীক্ষিত অফিস থেকে জবাব প্রদান করা হয়নি। অডিট অধিদপ্তর কর্তৃক ২৩-১২-২০২১ খ্রি. তারিখে এআইআর ইস্যু করা হয়। ০৮-০৩-২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ০২-০৬-২০২২ খ্রি. তারিখে ডিও লেটার প্রদান করা হয়। পরবর্তীতে গণপূর্ত বিভাগ-২, রাজশাহী কার্যালয় হতে ৫২,২৮,৫৬৩.০০ টাকার আপত্তির বিষয়ে ০২-০৬-২০২২ খ্রি. তারিখে জবাব পাওয়া যায়। জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়, কেননা বিলম্বজনিত ক্ষতিপূরণ আদায়ের ক্ষেত্রে চুক্তি শর্তের বাইরে লামসাম ক্ষতিপূরণ ধার্য এবং তা আদায়ের সুযোগ নেই। পিপিআর-২০০৮ এর বিধি ৩৯(২৭) অনুসরণক্রমে চুক্তির পিসিসি ক্রজ নং-৭১.১ মোতাবেক বিলম্বিত জরিমানা আরোপপূর্বক সংশ্লিষ্ট ঠিকাদারের নিকট হতে আদায় করা হয়নি।

নিরীক্ষার সুপারিশ:

জড়িত/দায়ী ব্যক্তিদের নিকট হতে আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যিক।

শিরোনাম: অতিমারীকালীন জরুরি চিকিৎসা উপকরণ যথাসময়ে খালাস না করে পোর্ট ডেমারেজ চার্জ পরিশোধ করায় সরকারের ১০,৪৩,৪১,৪৪৭.০০ (দশ কোটি তেতাল্লিশ লক্ষ একচল্লিশ হাজার চারশত সাতচল্লিশ) টাকা আর্থিক ক্ষতি।

বিবরণ:

স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “Covid-19 Emergency Response And Pandemic Preparedness” শীর্ষক প্রকল্পের ২০২০-২০২১ অর্থবছরে অতিমারীকালীন জরুরি চিকিৎসা উপকরণ যথাসময়ে খালাস না করে পোর্ট ডেমারেজ চার্জ পরিশোধ করায় সরকারের ১০,৪৩,৪১,৪৪৭.০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে প্রকল্প পরিচালকের অফিসের ক্রয় সংক্রান্ত প্যাকেজ জিডি-২৪ এর দলিলাদি, ইউনিসেফ কর্তৃক ইস্যুকৃত ইনভয়েন্স, প্রকল্প পর্যালোচনা সভার কার্যবিবরণী এবং সিএমএসডি কার্যালয়ের পত্র নং-১৩১৬, তারিখ: ২৩-১২-২০২০ খ্রি. যাচাই করা হয়। যাচাইকালে দেখা যায় যে, ০৮/০৬/২০২০ তারিখে ডিজিএইচএস এবং ইউনিসেফ এর মধ্যে পিপিই (লেভেল-৩) এবং জীবন রক্ষাকারী চিকিৎসা সামগ্রী ক্রয় সংক্রান্ত DGHS/COVID-19/ERPP/Project/GD-24/95/2019-2020 চুক্তিটি স্বাক্ষরিত হয়। চুক্তির আওতায় উক্ত চিকিৎসা সামগ্রী প্রেরণের লক্ষ্যে ইউনিসেফ কর্তৃক সিএমএসডিকে প্রাপক হিসেবে ইনভয়েন্স ইস্যু করা হয়। ইনভয়েন্সকৃত চিকিৎসা উপকরণের ১ম চালান জুন’২০ এবং ২য় চালান (মাস্ক) আগস্ট’২০ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে পৌছায়। কিন্তু দীর্ঘ নয় মাস চিকিৎসা উপকরণগুলো হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে খালাসের অপেক্ষায় থাকে। উক্ত পণ্যের প্রাপক হিসেবে সিএমএসডিকে কনসাইনি করা হলেও প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক সিএমএসডি কার্যালয়ের অনুকূলে সিডি-ভ্যাট ও পোর্ট চার্জ বাবদ কোন বরাদ্দ প্রদান করা হয়নি। পরবর্তীতে সিএমএসডিকে বাজেট বরাদ্দ প্রদান করা হলে উক্ত স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী এপ্রিল’২১ এবং মে’২১ সময়ে কাস্টমস কর্তৃপক্ষকে পোর্ট ডেমারেজ বাবদ ১০,৪৩,৪১,৪৪৭.০০ টাকা পরিশোধ করে এয়ারপোর্ট হতে খালাসপূর্বক গ্রহণ করা হয়।

জিএফআর-১০০ অনুযায়ী যে বিভাগের কাজ করা হচ্ছে সে বিভাগের কাজে নিয়োজিত বিভাগকে কার্য সম্পাদনের জন্য বাজেট বরাদ্দ প্রদানপূর্বক তা অবহিত করবেন। আলোচ্য ক্রয়ের ক্ষেত্রে সিএমএসডিকে কনসাইনি করা হলেও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক আমদানিকৃত পণ্য খালাসের জন্য সিডি ভ্যাট প্রদানের জন্য বাজেট বরাদ্দ করা হয়নি। যেহেতু এ সকল স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী জরুরিভিত্তিতে আমদানি করা হয়েছিল সেহেতু এ সকল মালামালসমূহ জরুরিভিত্তিতে এয়ারপোর্ট থেকে খালাসপূর্বক বিতরণ করা আবশ্যিক ছিল। এক্ষেত্রে প্রকল্প কর্তৃপক্ষের চরম উদাসীনতা এবং দায়িত্বহীনতা প্রকাশ পেয়েছে, উপরন্তু পোর্ট ডেমারেজ বাবদ কাস্টমস কর্তৃপক্ষকে ১০,৪৩,৪১,৪৪৭.০০ টাকা পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

অনিয়মের কারণ:

জিএফআর-১০০ অনুযায়ী কাজে নিয়োজিত বিভাগকে উক্ত কার্য সম্পাদনের জন্য বাজেট বরাদ্দ প্রদান করা হয়নি।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:

কনসাইনি হিসাবে সিএমএসডি সিডি-ভ্যাট পরিশোধ করেছেন।

নিরীক্ষা মন্তব্য:

নিরীক্ষাকালীন মেমোর প্রেক্ষিতে নিরীক্ষিত অফিস থেকে জবাব প্রদান করা হয়নি। অডিট অধিদপ্তর কর্তৃক ২৩-১২-২০২১ খ্রি. তারিখে এআইআর ইস্যু করা হয়। ০৮-০৩-২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ০২-০৬-২০২২ খ্রি. তারিখে ডিও লেটার প্রদান করা হয়। স্বাস্থ্য সেবা বিভাগ হতে ২৪-০৫-২০২২ খ্রি. তারিখে ব্রডশীট জবাব পাওয়া যায়। জবাব স্বীকৃতিমূলক। সিএমএসডিকে কনসাইনি করায় সিডি ভ্যাট পরিশোধ করে মালামাল খালাসের ব্যাপারে জটিলতা তৈরি হওয়ায় খালাস সংক্রান্ত কাজে বিলম্ব হয়।


জরুরি পণ্যের প্রাপক হিসেবে সিএমএসডিকে নির্দিষ্ট করা হয়েছে বিধায় পণ্যসমূহ পোর্টে পৌঁছানোর পূর্বেই প্রকল্প কার্যালয় কর্তৃক সিডি-ভ্যাট বাবদ বরাদ্দ সিএমএসডিকে দেওয়া আবশ্যিক ছিল। সিএমএসডি এবং স্বাস্থ্য অধিদপ্তরের মধ্যে সমন্বয়হীনতার কারণে যথাসময়ে সিডি ভ্যাট পরিশোধ করতে না পারায় পণ্য খালাসে বিলম্ব হয়েছে এবং পোর্ট ডেমারেজ প্রদান করতে হয়েছে। এক্ষেত্রে পোর্ট ডেমারেজ প্রদান করায় আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষার সুপারিশ:

প্রকল্পের সংশ্লিষ্ট জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গ যাদের অবহেলা এবং দায়িত্বহীনতার কারণে জরুরি আমদানিকৃত চিকিৎসা সামগ্রী খালাসে বিলম্ব হয়েছে এবং পোর্ট ডেমারেজ প্রদান করতে হয়েছে তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করে পোর্ট ডেমারেজের বর্ণিত টাকা জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা করা আবশ্যিক।

বঙ্গাব্দ।

তারিখ: ৩০.০৫.১০২৩ খ্রিস্টাব্দ।



মহাপরিচালক

বৈদেশিক সাহায্যপুষ্টি প্রকল্প অডিট অধিদপ্তর

সেগুনবাগিচা, ঢাকা

ফোন: ০২-৪৮৩২১৫৮৯।

দ্বিতীয় অংশ
(পরিশিষ্টসমূহ)

অডিট অনুচ্ছেদসমূহের সংক্ষিপ্ত বিবরণঃ

অনুচ্ছেদ নম্বর	শিরোনাম	পরিশিষ্ট নম্বর	জড়িত টাকা	পৃষ্ঠা নম্বর
১	কার্যচুক্তির অধীন মালামাল সরবরাহ না করায় এবং কম সরবরাহ করা সত্ত্বেও সম্পূর্ণ বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি।	১(১-২)	১৪,৭১,৭৫০.০০	২৮-৩০
২	পিপিআর-২০০৮ এর বিধি লঙ্ঘনপূর্বক মূল চুক্তিমূল্যের চেয়ে অধিক চুক্তি মূল্যে অতিরিক্ত কাজের বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি।	২	৪৮,৬৫,৪৩০.০০	৩১
৩	চুক্তি বাতিল করা সত্ত্বেও চুক্তির শর্তানুযায়ী নির্মাণ ঠিকাদারের কাছ থেকে ধার্যকৃত ক্ষতিপূরণ আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি।	৩	৪৭,৫২,১৪৬.০০	৩২
৪	চুক্তির শর্ত মোতাবেক বিলম্বজনিত জরিমানা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতি।	৪(১-৩)	১,৮৬,০৯,৪৮৫.০০	৩৩-৩৭
৫	অতিমারীকালীন জরুরি চিকিৎসা উপকরণ যথাসময়ে খালাস না করে পোর্ট ডেমারেজ চার্জ পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি।	নাই	১০,৪৩,৪১,৪৪৭.০০	-
সর্বমোট			১৩,৪০,৪০,২৫৮.০০	

কথায়: তের কোটি চল্লিশ লক্ষ চল্লিশ হাজার দুইশত আটান্ন টাকা মাত্র।

কার্যক্রমের অধীন মালামাল সরবরাহ না করায় এবং কম সরবরাহ করা সত্ত্বেও সম্পূর্ণ বিল পরিশোধ করা সরকারের আর্থিক ক্ষতির বিবরণী।

অর্থবছর: ২০২০-২০২১।

নিবাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন-২, গণপূর্ত বিভাগ, রাজশাহী।

ক্র: নং	ঠিকাদারের নাম	কাজের নাম	পণ্যের নাম	পরিমাপিত (সংখ্যা)	ব্যবহারকারী কতক গ্রহণ (সংখ্যা)	কম সরবরাহ (সংখ্যা)	একক দর (টাকা)	আদায়যোগ্য টাকা
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯ (৭×৮)
01	M/S Brothers Consortium Ltd. (JV) Sagorpara, Rajshahi	Up-gradation and Renovation of Nursing College and Hospital at Rajshahi. (Sub head: Construction of Nursing Hostel including civil, Internal and external sanitary and water supply and electrification works (Lot No-2).	Energy Saving Lamp, ২৩ Watt	৫৯০	-	৫৯০	২৫০.০০	১,৪৭,৫০০.০০
							মোট টাকা =	১,৪৭,৫০০.০০

পরিশিষ্ট নম্বর-০১(২)

অনুচ্ছেদ নম্বর-০১

কার্যচুক্তির অধীন মালামাল সরবরাহ না করায় এবং কম সরবরাহ করা সত্ত্বেও সম্পূর্ণ বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী।
অর্থবছর: ২০২০-২০২১

নির্বাহী প্রকৌশলী, মেডিকেল কলেজ, গণপূর্ত বিভাগ, ঢাকা।

ক্রঃ নং	টিকাদারের নাম	কাজের নাম	আইটেমের নাম	বিলে দাবীকৃত পরিমাণ (সংখ্যা)	একক দর	পরিশোধিত টাকার পরিমাণ	ব্যবহারকারী কতক গ্রহণ (সংখ্যা)	একক দর	ব্যবহারকারী কতক গ্রহণ পণ্যের মূল্য	পণ্য সরবরাহ না করা সত্ত্বেও পরিশোধিত টাকা যা আদায়যোগ্য
১	২	৩	৪	৫	৬	৭ (৫x৬)	৮	৯	১০(৮x৯)	১১(৭x১০)
১	Ashfaqur Rahman Peerless Ventutre Ltd. (JV), Work Order No: MCD/3249 Date: 26/12/2016	Up-gradation and Renovation of Nursing College and Hospital at Dhaka. (Sub Head- Vertical extension of Administrative and Academic Building including Civil and internal sanitary and water supply works, Internal electrification works with installation, Testing, and commissioning 600/630 kg Lift works (Lot No-2).	Saucer Light Bracket light Combi set Long Pan Low Down Split Type Air Cooler Capacity 2.0 Ton 250 Volt Grade Circuit Breaker 250 Volt, Single phase Combined Switch socket	৬০ ১১৪ ১৭ ১৭ ০৮ ৪৫ ৭২ ৪৫	১,৮০০.০০ ৯০০.০০ ৭৫০.০০ ৩০০.০০ ২,৫০০.০০ ১,২১,০০০.০০ ৯০০.০০ ৭০০.০০	১,০৮,০০০.০০ ১,০২,৬০০.০০ ১২,৭৫০.০০ ৫,১০০.০০ ২০,০০০.০০ ৫৪,৪৫,০০০.০০ ৬৪,৮০০.০০ ৩১,৫০০.০০	৫৪ ৬৮ ১৪ ০২ ০২ ৩৫ ৩৫	১,৮০০.০০ ৯০০.০০ ৭৫০.০০ ৩০০.০০ ২,৫০০.০০ ১,২১,০০০.০০ ৯০০.০০ ৭০০.০০	৯৭,২০০.০০ ৬১,২০০.০০ ১০,৫০০.০০ ৬০০.০০ ৫,০০০.০০ ৪২,৩৫,০০০.০০ ৩১,৫০০.০০ ২৪,৫০০.০০	১০,৮০০.০০ ৪১,৮০০.০০ ২,২৫০.০০ ৪,৫০০.০০ ১৫,০০০.০০ ১২,১০,০০০.০০ ৩৩,৩০০.০০ ৭,০০০.০০
					মোট	৫৭,৮৯,৭৫০.০০			৪৪,৬৫,৫০০.০০	১৩,২৪,২৫০.০০

ক্রমিক নং	অফিস	মোট টাকা
০১(১)	নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন-২, গণপূর্ত বিভাগ, রাজশাহী।	১,৪৭,৫০০.০০
০১(২)	নির্বাহী প্রকৌশলী, মেডিকেল কলেজ, গণপূর্ত বিভাগ, ঢাকা।	১৩,২৪,২৫০.০০
	মোট টাকা	১৪,৭১,৭৫০.০০

১। বিল প্রত্যয়নকারী জনাব আবু সিনা মোঃ মাসুম, উপ সহকারী প্রকৌশলী (ইএম), গণপূর্ত ইএম উপ বিভাগ-২, রাজশাহী।

বিল পরিশোধকারী জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, রাজশাহী।

২। বিল প্রত্যয়নকারী জনাব মিজানুর রহমান প্রধান, উপ সহকারী প্রকৌশলী (ইএম), গণপূর্ত ইএম উপ বিভাগ-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং জনাব রুবাইয়াত ইসলাম, উপ সহকারী প্রকৌশলী (ইএম), গণপূর্ত ইএম উপ বিভাগ-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিল পরিশোধকারী জনাব মোহাম্মদ জাকারিয়া মিঠু, নির্বাহী প্রকৌশলী (ইএম), গণপূর্ত ইএম উপ বিভাগ-৪, ঢাকা।

চুক্তি বাতিল করা সত্ত্বেও চুক্তির শর্তনুযায়ী নির্মাণ ঠিকাদারের কাছ থেকে ক্ষতিপূরণ আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী।
অর্থবছর: ২০২০-২০২১

ক্র: নং	ঠিকাদারের নাম	কাজের নাম	কার্যাদেশ প্রদানের তারিখ	১ম তাগিদপত্র প্রদানের তারিখ	শেষ তাগিদপত্র প্রদানের তারিখ	চুক্তিপত্র বাতিলের স্মারক নং ও তারিখ	অসম্পাদিত কাজের মূল্য	PCC Clause ৪৪.১ অনুযায়ী ধার্যকৃত জরিমানা (টাকা)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১	The Builders Engineers Associate & Nahian Enterprise (JV)	Up-gradation and Renovation of Nursing College & Hostel at Chittagong (Vertical Extension of Administrative & Academic Building including Civil, Sanitary, Internal Electrification, 800 kg Passenger lift, Deep Tuebwell, 250KVA Generator, Air Condition supply and installation	কার্যাদেশ নং- ৩৪৩৭ তারিখ: ১৫.১১.২০১৬	২২.০৪.২০১৮খ্রি.	১৪.১০.২০২০খ্রি.	২৫.৩৬.১৫০০.১১১. ৯৯.১২০.১৮.৩২৬৭ (৬)/১ তারিখ: ১৫-১১-২০২০ খ্রি.।	২,৩৭,৬০,৭৩২.০০	২,৩৭,৬০,৭৩২.০০ X ২০% = ৪৭,৫২,১৪৬.৪০
							মোট টাকা=	৪৭,৫২,১৪৬.৪০

জনাব রাহুল গুহো, গণপূর্ত বিভাগ-১, চট্টগ্রাম, নিরীক্ষার সময় নির্বাহী প্রকৌশলী হিসেবে দায়িত্বে ছিলেন।

চুক্তির শর্ত মোতাবেক বিলম্বজনিত জরিমানা আদায় না করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী।

অর্থবছর: ২০২০-২০২১

নিবাহী প্রকৌশলী, মেডিকেল কলেজ গণপূর্ত বিভাগ, ঢাকা।

ক্র. নং	কাজের নাম	ঠিকাদারের নাম ও চুক্তি নম্বর	চুক্তিমূল্য	চুক্তি অনুযায়ী কাজ শুরু ও কাজ সমাপ্তির তারিখ	প্রকৃত কাজ সমাপ্তির তারিখ	বিলম্বিত দিনের সংখ্যা	সম্পাদিত কাজের মূল্য	অসম্পাদিত কাজের মূল্য	প্রযোজ্য LD অসম্পাদিত কাজের মূল্যের (PCC 71.1 অনুযায়ী ০.০৫% প্রতিদিন)	আদায়যোগ্য বিলম্ব জরিমানা
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯ (৬X৮)		
	Repair and renewal of old administrative Building (Dhaka Nursing college)	Babor Associates, 16/8, Indira Road, Tejgoan, Dhaka চুক্তি নং- ১৮/এমসিডি/ডি এমসিএইচ/হ- জিপি/ওটিএম/ও পি/১৮/২০১৯-২০ এবং চুক্তি নং- ১৯/এমসিডি/ডিএ মসিএইচ/হ- জিপি/ওটিএম/ও পি/১৯/২০১৯-২০	৭৫৭২১৮৬.৯১ (টেক্স আইডি- ৪২৯৯৬২)	০৮/০৮/২০২০ হতে ০৭/০৬/২০২০	১৮/০২/২০২১ (ব্যবহারকা রীপ্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন অনুযায়ী)	২৫১ দিন	১৬১২১৭৪.৯১ টাকা	৫৯৬০০২২.০০ (প্রোগ্রেস রিপোর্ট এবং ২০২০-২০২১ এ পরিশোধিত বিল অনুযায়ী)	২৯৮০.০০	৭,৪৭,৯৮০.০০
১	Vertical extension of administrative and Academic Building including civil and internal sanitary and water supply works, internal electrification works, with installations, testing and commissioning 600/6390 kg lift works (Dhaka Nursing college)		৭২৮০৯৪১.২৩ (টেক্স আইডি- ৪৩০১৫৪)	০৮/০৮/২০২০ হতে ০৭/০৫/২০২০	১৮/০২/২০২১ (ব্যবহারকারী প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন অনুযায়ী)	২৮১ দিন	১৭৪১০০৯.২৩ টাকা	৫৫৩৯৯৩২.০০ (প্রোগ্রেস রিপোর্ট এবং ২০২০-২০২১ এ পরিশোধিত বিল অনুযায়ী)	২৭৭০.০০	৭,৭৮,৩৭০.০০
					মোট			১,১৪,৯৯,৯৫৪.০০		১৫,২৬,৩৫০.০০

চুক্তির শর্ত মোতাবেক বিলম্বজনিত জরিমানা আদায় না করায় আর্থিক ক্ষতির বিবরণী।

অর্থবছর: ২০২০-২০২১

নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম গণপূর্ত বিভাগ, চট্টগ্রাম।

ক্র.নং	কাজের নাম	ঠিকাদারের নাম	চুক্তিমূল্য	চুক্তি অনুযায়ী কাজ শুরু ও কাজ সমাপ্তির তারিখ	প্রকৃত কাজ সমাপ্তির তারিখ	বিলম্বিত দিনের সংখ্যা	অসম্পাদিত কাজের মূল্য	প্রযোজ্য LD অসম্পাদিত কাজের মূল্যের (০.০৫% প্রতিদিন)	আদায়যোগ্য বিলম্ব জরিমানা
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০ (৭ x ৯)
২	Up-gradation and Renovation of Nursing College & Hostel at Chittagong (Su Head: Construction of six storied foundation with six storied nurses hostel building including civil, sanitary, internal electrification, 500 KVA sub-station and other ancillary works)	M/S Jamal & Company and Delta Engineers & Consortium (JV)	১১,০২,৪৬,৭৫৯.১৮	২২/১১/২০১৬ হতে ২১/১১/২০১৮	নিরীক্ষা চলাকালীন কাজ শেষ হয়নি। নিরীক্ষার তারিখ ১৫/০৯/২০২১ খ্রি.	১০২৪ দিন	২,৩১,৫৩,৪৬১.১৮	১১৫৭৬.৭৩	১,১৮,৫৪,৫৭২.০৩
					মোট		২,৩১,৫৩,৪৬১.১৮		১,১৮,৫৪,৫৭২.০৩

চুক্তির শর্ত মোতাবেক বিলম্বজনিত জরিমানা আদায় না করায় আর্থিক ক্ষতির বিবরণী।

অর্থবছর: ২০২০-২০২১

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, রাজশাহী।

ক্র. নং	কাজের নাম	ঠিকাদারের নাম	চুক্তিমূল্য	চুক্তি অনুযায়ী কাজ শুরু ও কাজ সমাপ্তির তারিখ	প্রকৃত কাজ সমাপ্তির তারিখ	বিলম্বিত দিনের সংখ্যা	সম্পাদিত কাজের মূল্য	অসম্পাদিত কাজের মূল্য	প্রযোজ্য LD অসম্পাদিত কাজের মূল্যের (০.১% প্রতিদিন)	আদায়কৃত জরিমানা	আদায়যোগ্য বিলম্ব জরিমানা
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২ {(৭x১০)-১১}
৩	Up-gradation and Renovation of Nursing College & Hostel at Rajshahi (Su Head: Construction of nurses hostel building including civil, Internal & external, Water supply and Electrification works)	M/S Brothers Construction & (JV). 53, Municipal Market (1 st Floor), Shonadhi more, Shaheb Bazar, Rajshahi	৯,৮০,৯৮,০৪২.০০	১৬-১১-২০১৬ হতে ১৫-১১-২০১৮, প্রথমবার সময় বৃদ্ধি হয় ০৮-০৮-২০২০ পর্যন্ত	৩০-০৬-২০২১	৪৪৮	৮,৬৪,২৪,৯১০.০০	১,১৬,৭৩,১৩২.০০	১১,৬৭৩.১৩	১,০০০.০০	১১৬৭৩x৪৪৮ দিন = ৫২,২৯,৫৬৩.১৩ (মোট জরিমানা ৫২,২৯,৫৬৩.১৩ - কর্তনকৃত জরিমানা ১০০০) = আদায়যোগ্য জরিমানা ৫২,২৮,৫৬৩.১৩
							মোট ১,১৬,৭৩,১৩২.০০				৫২,২৮,৫৬৩.১৩

ক্রমিক নং	অফিস	মোট টাকা
০৪ (১)	নির্বাহী প্রকৌশলী, মেডিকেল কলেজ গণপূর্ত বিভাগ, ঢাকা	১৫,২৬,৩৫০.০০
০৪ (২)	নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম ডিভিশন, গণপূর্ত বিভাগ, চট্টগ্রাম।	১,১৮,৫৪,৫৭২.০৩
০৪ (৩)	নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশন-২, গণপূর্ত বিভাগ, রাজশাহী।	৫২,২৮,৫৬৩.১৩
	সর্বমোট	১,৮৬,০৯,৪৮৫.১৬

নিরীক্ষার সময় নিম্ন বর্ণিত ব্যক্তিবর্গ উক্ত দায়িত্বে নিয়োজিত ছিলেন।

জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-২, রাজশাহী।

জনাব এসএম তৌহিদুল ইসলাম (০৯-০৭-২০২০ হতে ২২-০৪-২০২১) এবং জনাব মোঃ আজিমুল হক (২৩-০৪-২০২১ হতে অদ্যবধি) নির্বাহী প্রকৌশলী, মেডিকেল কলেজ গণপূর্ত বিভাগ, ঢাকা।

জনাব, রাহুল গুহো, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, চট্টগ্রাম।

বঙ্গাব্দ।

তারিখ: ৩০.০৭.২০২৩

প্রিন্টাউট।



মহাপরিচালক

বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর

সেগুনবাগিচা, ঢাকা

ফোন: ০২-৪৮৩২১৫৮৯

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

অডিট ভবন

৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০

www.cag.org.bd